## WBP SI 2021

**Q1. মুড়ির হিন্দালকো ফ্যাক্টরি কোন নদীর তীরে অবস্থিত ?**

(a) তুঙ্গভদ্রা

(b) মহানদী

(c) সুবর্ণরেখা

(d) কংসাবতী

**Q2. একটি সাংকেতিক ভাষায় 724 মানে 'leaf is green', 371 মানে 'green and blue' এবং 438 মানে 'sky is blue ' হলে, 'leaf' এবং 'is' কোন সংখ্যা দ্বারা বোঝানো হবে ?**

(a) 2 এবং 8

(b) 2 এবং 7

(c) 7 এবং 4

(d) 2 এবং 4

**Q3. যদি 4% সরল সুদে একটি নির্দিষ্ট সময়ে আসল ও সুদের অনুপাত 5 : 2 হয়, তবে আসল টাকাটি কত সময়ের জন্য বিনিয়োগ করা হয়েছিল ?**

(a) 18 বছর

(b) 10 বছর

(c) 15 বছর

(d) 12 বছর

**Q4. কত সালে পশ্চিমবঙ্গের সুন্দরবনকে একটি 'হেরিটেজ সাইট' ঘোষণা করা হয় ?**

(a) 1987

(b) 1999

(c) 1969

(d) 1979

**Q5. 'সানরাইজ ইন্ডাস্ট্রি' বলতে নিম্নলিখিত কোন শিল্পকে বোঝায় ?**

(a) নির্মাণ শিল্প

(b) পেট্রোকেমিক্যাল শিল্প

(c) পরিবহণ শিল্প

(d) কম্পিউটার শিল্প

**Q6. হায়দ্রাবাদের জাতীয় পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রটি (National Police Academy) কার নামে নামাঙ্কিত ?**


(a) সর্দার বল্লভভাই প্যাটেল

(b) পণ্ডিত জওহরলাল নেহরু

(c) লালবাহাদুর শাস্ত্রী

(d) মহাত্মা গান্ধী

**Q7. ভেন ডায়াগ্রামের সাহায্যে নিম্নোক্ত সম্পর্কটি ব্যাখ্যা করো :**
**গায়ক, সংগীতকার, ডাক্তার**



**Q8. যদি ব্যারোমিটারের পারদস্তম্ভের দ্রুত হ্রাস হয়, তবে তার দ্বারা নিম্নলিখিত কোনটি অনুমান করা যায় ?**

(a) পরিষ্কার আবহাওয়ার সম্ভাবনা
(b) ঝড়ের সম্ভাবনা
(c) রৌদ্রকরোজ্জ্বল আবহাওয়ার সম্ভাবনা
(d) বৃষ্টির সম্ভাবনা

**Q9. CMM, EOO, GQQ, ?, KUU**

(a) ITT
(b) GRR
(c) ISS
(d) GSS

**Q10. গম ও ধানের বাজারদরের অনুপাত 2 : 3 এবং একটি পরিবারে গম ও ধানের ব্যবহারের অনুপাত 5 : 4। তাহলে পরিবারটির গম ও ধানের জন্য খরচের অনুপাত কত ?**

(a) 8:15
(b) 6:5
(c) 1:1
(d) 5:6

**Q11. G-এর বাবা হল X-এর পুত্র। P হল G-এর কাকা। Y হল X-এর ভাই। তাহলে Y, P-র কে হয় ?**

(a) বাবা
(b) কাকা
(c) দাদা
(d) ভাইপো

**Q12. মানবশরীরের কোন অংশে রক্ত জমাট বাঁধে না?**

(a) মস্তিষ্ক
(b) ধমনী
(c) কৈশিক
(d) শিরা

**Q13. ABCDEFGHIJKLMNOPQRSTUVWXYZ.**
**উপরের বর্ণমালার কোন অক্ষরটি বর্ণমালার শেষের অক্ষরের আগের অক্ষরের বাঁদিকের দশম স্থানের অক্ষরের ডানদিকে অষ্টম স্থানে আছে?**

(a) H

(b) X

(c) I

(d) W

**Q14. নিম্নোক্তর মধ্যে পৃথিবীর প্রাচীনতম রাজধানী শহর কোনটি ?**

(a) আক্রা

(b) ক্যানবেরা

(c) অসলো

(d) দামাস্কাস

**Q15. পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। 12 বছর পর যদি পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হয়, তবে পুত্রের বর্তমান বয়স কত?**

(a) 14 বছর

(b) 10 বছর

(c) 36 বছর

(d) 12 বছর

**Q16. একটি সেনাছাউনিতে 500 জন সৈন্যের 24 দিনের রসদ আছে। আরও 300 জন সেনা উপস্থিত হলে, ওই রসদে কতদিনের জোগান সম্ভব হবে ?**

(a) 18 দিন

(b) 15 দিন

(c) 17½ দিন

(d) 16 দিন

**Q17. 'CASTRAPHONE' শব্দটিতে কত জোড়া অক্ষর আছে যাদের মধ্যে যতগুলি অক্ষর আছে বর্ণমালাতেও ততগুলি অক্ষর আছে?**

(a) 6

(b) 3

(c) 5

(d) 4

**Q18. দুটি অঙ্কের কতগুলি মৌলিক সংখ্যা আছে?**

(a) নির্ণয় করা সম্ভব নয়।

(b) 25

(c) 21

(d) 23

**Q19. ভারতবর্ষের কোন রাজ্যে সর্বপ্রথম কফি চাষের প্রচলন হয় ?**

(a) কেরালা

(b) কর্ণাটক

(c) অন্ধ্রপ্রদেশ

(d) তামিলনাড়ু

**Q20. সেলসিয়াস স্কেলের থার্মোমিটারে কোন তাপমাত্রাকে 'Absolute Zero' তাপমাত্রা বলে বোঝানো হয়?**

(a) -373.15°C

(b) - 273.15°C

(c) -237.15°C

(d) 0°C

**Q21. 'ধূমকেতু' কার ছদ্মনাম ছিল?**

(a) সত্যজিৎ রায়

(b) কাজি নজরুল ইসলাম

(c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(d) সুনীল গঙ্গোপাধ্যায়

**Q22. তেহরি বাঁধটি কোন নদীর উপর অবস্থিত ?**

(a) ইছামতী

(b) ভাগীরথী

(c) রবি

(d) ইরাবতী

**Q23. সরলীকরণ করো :**

**$(\sqrt{20} + \sqrt{1125} - \sqrt{567})(\sqrt{500} + \sqrt{245} + 9\sqrt{7})$**

(a) 567

(b) 2012

(c) 1445

(d) 878

**Q24. নিম্নোক্ত কোনটি একটি 'বামনগ্রহ' নয়?**

(a) ইরিস

(b) প্লুটো

(c) সিরেস

(d) নেপচুন

**Q25. 12, 25, 37, 49, ?**

(a) 60

(b) 69

(c) 56

(d) 65

**Q26. শ্যাম তার এক বন্ধুর কাছ থেকে কিছু টাকা বছরে 6% সরল সুদে ধার নেয়। সে তার বন্ধুকে সুদ ও আসল বাবদ 15,600 টাকা ফেরত দেয়। যদি শ্যাম 12,000 টাকা ধার নিয়ে থাকে, তবে সে কতদিনের জন্য টাকা ধার নিয়েছিল ?**

(a) 3.5 বছর

(b) 8 বছর

(c) 5 বছর

(d) 2.5 বছর

**Q27. তুঙ্গভদ্রা কোন নদীর উপনদী?**

(a) কাবেরী নদী

(b) কৃষ্ণা নদী

(c) গোদাবরী নদী

(d) ব্রহ্মপুত্র নদ

**Q28. একটি কাজ A এবং B যথাক্রমে 10 ও 15 দিনে শেষ করে। A প্রথমে একা 4 দিন করার পর B 5 দিন কাজটি করে। অবশিষ্ট কাজটি C 8 দিনে শেষ করে। তিনজন একত্রে করলে কাজটি কতদিনে শেষ হত ?**

(a) 3 দিন

(b) 5 দিন

(c) 8 দিন

(d) 7 দিন

**Q29. নিম্নোক্ত কোনটিকে মিশ্রগ্রন্থি বলা হয় ?**

(a) অগ্ন্যাশয়

(b) থাইরয়েড

(c) যকৃৎ

(d) পিটুইটারি

**Q30. যদি '+' মানে 'x', '÷' মানে '—', 'x' মানে '+', —' মানে '÷' হয়, তবে**

**( 2 + 27 - 3 + 2 ✕ 3 ÷ 2 )-এর মান নির্ণয় করো।**

(a) 39

(b) 35

(c) 27

(d) 37

**Q31. 2020 সালে রসায়ন শাস্ত্রে কে বিজ্ঞান ক্ষেত্রে দেশের সম্মান 'ভাটনাগর পুরস্কার' লাভ করেছেন?**

(a) প্রফেসর রজতশুভ্র হাজরা

(b) প্রফেসর সুরজিত ধারা

(c) প্রফেসর সূর্যেন্দু দত্ত

(d) প্রফেসর জ্যোতির্ময়ী দাস

**Q32. একটি ডেটল ও জলের মিশ্রণে 80% জল আছে। 60 লিটার এই মিশ্রণে কতটা ডেটল মেশালে, সেই মিশ্রণে 75% জল থাকবে ?**

(a) 10 লিটার

(b) 4 লিটার

(c) 8 লিটার

(d) 6 লিটার

**Q33. নীচের শব্দগুলিকে বর্ণমালা অনুযায়ী সাজালে কোন শব্দটি শেষে আসবে ?**

**1. Abandon 2. Actuate 3. Accumulate 4. Acquit 5. Achieve**

(a) Achieve

(b) Actuate

(c) Acquit

(d) Accumulate

**Q34. ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের প্রথম 'Green Hydrogen' প্লান্টটি কোথায় স্থাপিত হবে?**


(a) জামনগর তৈলশোধনাগার

(b) মথুরা তৈলশোধনাগার

(c) পারাদ্বীপ তৈলশোধনাগার

(d) হলদিয়া তৈলশোধনাগার

**Q35. নীচের ছবিতে কতগুলি ত্রিভুজ আছে?**



(a) 16

(b) 10

(c) 14

(d) 12

**Q36. ভারতে সঞ্চিত কয়লার 80% কোথায় সঞ্চিত আছে?**

(a) গোদাবরী অববাহিকায়

(b) দামোদর অববাহিকায়

(c) মহানদী অববাহিকায়

(d) শোন অববাহিকায়

**Q37. নিম্নলিখিত ভগ্নাংশ অনুপাতে চতুর্থ ভগ্নাংশটি কত?**

$\frac{1}{3}, \frac{1}{6}, \frac{1}{9}, ?$

$(a)\frac{1}{27}$

$(b)\frac{1}{18}$

$(c)\frac{1}{6}$

$(d)\frac{1}{3}$

**Q38. কোন গভর্নর জেনারেলের আমলে ব্রিটিশ শাসিত ভারতবর্ষের প্রতিটি থানা সাব ইন্সপেক্টরের অধীনে পরিচালিত হওয়া শুরু হয়?**

(a) লর্ড মাউন্টব্যাটেন

(b) লর্ড কর্নওয়ালিস

(c) লর্ড বেন্টিঙ্ক

(d) লর্ড রিপন

**Q39. যদি 'X$Y' মানে 'X, Y-এর বাবা'; 'X#Y' মানে 'X, Y -এর মা'; 'X×Y' মানে 'X, Y-এর বোন' হয়, তবে N#A$B×D তে D কীভাবে N-এর সাথে সম্পর্কিত ?**

(a) নির্ণয় করা সম্ভব নয়

(b) ভাইপো

(c) নাতনি

(d) নাতি

**Q40. 'পম্পাস' তৃণভূমি কোন মহাদেশে দেখতে পাওয়া যায় ?**

(a) দক্ষিণ আমেরিকা

(b) এশিয়া

(c) উত্তর আমেরিকা

(d) আফ্রিকা

**Q41. যদি কোনো বছরের 27শে সেপ্টেম্বর শনিবার হয়, তবে ওই বছরেরই 27শে অক্টোবর কোন বার হবে?**

(a) রবিবার

(b) সোমবার

(c) শনিবার

(d) বৃহস্পতিবার

**Q42. নিম্নোক্ত কোনটি ভারতের একটি শুল্কমুক্ত বন্দর?**

(a) কোচিন

(b) কান্ডালা

(c) মুম্বাই

(d) হলদিয়া

**Q43. 1943 সালে নিম্নলিখিত কোন স্থানে সুভাষচন্দ্র বোস প্রথম স্বাধীন ভারতের অস্থায়ী (Provisional) সরকার গঠন করেন ?**

(a) ব্যাঙ্কক

(b) রেঙ্গুন

(c) বার্লিন

(d) সিঙ্গাপুর

**Q44. রসিক উত্তর দিকে 20 মিটার হেঁটে যায়। এরপর ডানদিকে ঘুরে সে 30 মিটার হাঁটে। এরপর আবার ডান দিকে ঘুরে 35 মিটার যায়। এরপর বাম দিকে ঘুরে 15 মিটার যায়। তারপর আবার বাম দিকে ঘুরে 15 মিটার যায়। রসিক বর্তমানে তার শুরুর স্থান থেকে কত দূরে এবং কোন দিকে আছে?**

(a) 45 মিটার পূর্বে

(b) 15 মিটার পশ্চিমে

(c) 30 মিটার পশ্চিমে

(d) 30 মিটার পূর্বে

**Q45. কার জীবনীর নাম 'Romancing with life' ?**

(a) রাজ কাপুর

(b) দিলীপ কুমার

(c) অমিতাভ বচ্চন

(d) দেব আনন্দ

**Q46. দুটি শাড়ি প্রতিটি 400 টাকায় বিক্রি করে, এক বিক্রেতা প্রথম শাড়িটিতে 20% লাভ ও দ্বিতীয় শাড়িটিতে 20% ক্ষতি স্বীকার করেন। সামগ্রিকভাবে তার কত লাভ বা ক্ষতি হল ?**

(a) 1% লাভ হয়।

(b) লাভ বা ক্ষতি কিছুই হয়নি।

(c) 4% লাভ হয়।

(d) 4% ক্ষতি হয়।

**Q47. A, 2,250 টাকা নিয়ে একটি ব্যাবসা শুরু করে। পরবর্তীকালে B, 2,700 টাকা নিয়ে ব্যবসায় যুক্ত হয়। যদি বছরের শেষে লভ্যাংশ 2 : 1 অনুপাতে A ও B-এর মধ্যে ভাগ হয়, তবে A শুরু করার কত সময় পরে B ব্যবসায় যুক্ত হয়েছিল ?**

(a) 3 মাস

(b) 6 মাস

(c) 7 মাস

(d) 5 মাস

**Q48. 12, 15, 20 এবং 25 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যাটি কত ?**

(a) 600

(b) 300

(c) 150

(d) 200

**Q49. নিম্নলিখিত কোন Browser টির সাহায্যে Dark Web access করা যায় ?**

(a) টর

(b) গুগল ক্রোম

(c) আই ও এস

(d) লিন্যাক্স

**Q50. একটি সমবায় সংস্থায় 45 জন ব্যক্তি 12 দিনে 10000টি ইলেকট্রিক বাল্ব প্রস্তুত করতে পারে। সংস্থাটি 9 দিনে 10000টি বাল্ব তৈরির বরাত পায়। আরও অতিরিক্ত কতজন লোক তাদের নিয়োগ করতে হবে, নির্দিষ্ট সময়ে কাজটি সম্পন্ন করতে?**

(a) 10

(b) 60

(c) 55

(d) 15

**Q51. 'Fire Ice' বলতে নিম্নোক্ত কোনটিকে বোঝানো হয়?**

(a) মিথিলিন হাইড্রেট

(b) মিথেন হাইড্রেট

(c) প্রোপেন হাইড্রেট

(d) ইথেন হাইড্রেট

**Q52. কোনো পরিমাণ টাকা, চক্রবৃদ্ধি হারের সুদে 6 বছরে 2½ গুণ হয়। ওই একই পরিমাণ টাকা 18 বছরে কতগুণ হবে?**

$(a)\frac{125}{8}$

$(b)\frac{5}{2}$

$(c)\frac{625}{16}$

$(d)\frac{25}{4}$

**Q53. কলকাতাকে 'আলিনগর' নামকরণ কে করেছিলেন?**

(a) বাহাদুর শাহ আলম

(b) সিরাজ উদ্ দৌল্লা

(c) মীরকাশিম

(d) মীরজাফর

**Q54. সাম্প্রতিক কালে ফোনে আড়িপাতার জন্য 'পেগাসাস' নামক সফট্ওয়্যার ব্যবহারের যে অভিযোগ উঠেছে, সেটি কোন দেশে প্রস্তুত হয়েছে?**

(a) ফ্রান্স

(b) ইজরায়েল

(c) মার্কিন যুক্তরাষ্ট্র

(d) কানাডা

**Q55. A, B, C, D, E এবং F এই ছয় বন্ধু এক বেঞ্চে বসে আছে। E এবং F মাঝখানে বসে আছে। A এবং B দুই প্রান্তে বসে আছে। যদি C, A-র একদম বামদিকেই বসে থাকে, তাহলে B-র একদম ডানদিকে কে বসে আছে ?**

(a) E

(b) D

(c) C

(d) A

**Q56. কল্যাণকর রাষ্ট্রের ধারণাটি ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা হয়েছে?**

(a) রাষ্ট্রীয় নীতির নির্দেশমূলক নীতি

(b) প্রস্তাবনা

(c) চতুর্থ তপশিল

(d) মৌলিক অধিকার

**Q57. M সংখ্যক মানুষ একটি দ্রব্য R দামে কিনতে সম্মত হয়। যদি তাদের মধ্যে 4 জন মানুষ চলে যায়, তবে বাকিদের ওই একই দামে দ্রব্যটি কিনতে প্রত্যেককে কত টাকা বেশি দিতে হবে?**

(a) $\frac{4M-R}{4R}$

(b) $\frac{4R}{M^2-4M}$

(c) $\frac{4M}{R^2-4R}$

(d) $\frac{M^2-4R}{MR}$

**Q58. বৌদ্ধ ধর্মগ্রন্থ ত্রিপিটক' কোন লিপিতে লেখা হয়েছিল?**

(a) হিন্দি

(b) পালি

(c) সংস্কৃত

(d) বাংলা

**Q59. বিধান পরিষদের সদস্যদের মেয়াদকাল কত ?**

(a) 5 বছর

(b) 3 বছর

(c) 6 বছর

(d) 2 বছর

**Q60. নীচের কোনটি প্রদত্ত শব্দের নিকটতম জলীয় প্রতিবিম্ব ?**

**NUCLEAR**



**Q61.একটি হলঘরের দৈর্ঘ্য প্রস্থের থেকে 5 মি বেশি। যদি হলঘরের ক্ষেত্রফল 84 মি হয়, তবে হলঘরের দৈর্ঘ্য ও প্রস্থ কত ?**

(a) 14মি ও 6 মি

(b) 11মি ও 6 মি

(c) 13 মি ও 8 মি

(d) 12 মি ও 7 মি

**Q62. প্রথম 'পদ্মবিভূষণ' পুরস্কারের প্রাপক কে ছিলেন?**

(a) পণ্ডিত জওহরলাল নেহরু

(b) নন্দলাল বোস

(c) ডঃ বীরভান ভাটিয়া

(d) সত্যেন্দ্রনাথ বোস

**Q63. তিনটি সংখ্যার গড় 80। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার দ্বিগুণের থেকে 10 বেশি এবং দ্বিতীয় সংখ্যাটি তৃতীয় সংখ্যার তিনগুণের থেকে 10 কম। সবথেকে ছোট সংখ্যাটি কত ?**

(a) 66

(b) 68

(c) 28

(d) 26

**Q64. পদ্মশ্রী পুরস্কার জয়ী মৌমা দাস কোন খেলার সঙ্গে যুক্ত ?**

(a) ক্রিকেট

(b) ব্যাডমিন্টন

(c) টেবল টেনিস

(d) লন টেনিস

**Q65. কোনো টাকা সরল সুদে 3 বছরের জন্য বিনিয়োগ করা হয়। যদি সেই একই পরিমাণ টাকা 1% বেশি সুদে বিনিয়োগ করা হত, তবে 5,100 টাকা বেশি পাওয়া যেত। আসল (Principal) টাকা কত ছিল ?**

(a) 1,20,000 টাকা

(b) 1,70,000 টাকা

(c) 1,25,000 টাকা

(d) 1,50,000 টাকা

**Q66. 'INDRA 2021' সম্মেলনটি কোথায় অনুষ্ঠিত হওয়ার কথা ?**

(a) সিঙ্গাপুর

(b) রাশিয়া

(c) জাপান

(d) ভারত

**Q67. 'মুদ্রারাক্ষস' নাটকটির রচয়িতা কে?**

(a) কলহন

(b) শূদ্রক

(c) বিশাখদত্ত

(d) কালিদাস

**Q68. নীচের সংখ্যা সারণীতে কতগুলি 4 আছে যার আগে 7 আছে কিন্তু পরে 3 নেই ? 5932174269746132874138325674395820187463**


(a) পাঁচ

(b) চার

(c) ছয়

(d) তিন

**Q69. যদি 2 সংখ্যাটি তলায় থাকে তবে কোন সংখ্যাটি ছক্কার উপরে থাকবে?**




(a) 6

(b) 5

(c) 1

(d) 3

**Q70. অ্যামিবার দেহের কোষ বিভাজনের প্রক্রিয়ার নাম কী ?**

(a) মাইটোসিস

(b) অ্যামাইটোসিস

(c) মাইকোসিস

(d) মায়োসিস

**Q71. যদি দুটি স্টেশনের মধ্যে পৌঁছানোর সময় 20% হ্রাস করতে হয়, তবে একটি ট্রেনের গতিবেগ কত শতাংশ বৃদ্ধি করতে হবে?**

(a) 15%

(b) 25%

(c) 30%

(d) 20%

**Q72. কোন ভারতীয় মহিলা সর্বপ্রথম অলিম্পিক গেমসে দুটি পদক জয় করেছেন?**

(a) লভলীনা বড়গোঁহাই

(b) পি.টি. উষা

(c) সাইখোম মীরাবাই চানু

(d) পি.ভি. সিন্ধু

**Q73. দুটি সংখ্যার গ.সা.গু. এবং ল.সা.গু. যথাক্রমে 32 এবং 1760 হলে, ক্ষুদ্রতর সংখ্যাটি কত?**

(a) 102

(b) 160

(c) 152

(d) 110

**Q74. সাম্প্রতিক অতীতে ভারতবর্ষের কোন রাজ্যে 300 বছরের প্রাচীন সতী প্রস্তর পাওয়া গেছে?**

(a) তামিলনাড়ু

(b) মধ্যপ্রদেশ

(c) হরিয়ানা

(d) গুজরাট

**Q75. Torr কীসের Unit ?**

(a) কার্য (Work)

(b) চাপ ( Pressure)

(c) গতি (Momentum)

(d) বল (Force)

**Q76. যদি একটি রাস্তার 3/10 অংশ 45 কিমি হয়, তবে ওই রাস্তাটির 2/5 অংশের দৈর্ঘ্য কত?**

(a) 26 কিমি

(b) 60 কিমি

(c) 68 কিমি

(d) 66 কিমি

**Q77. নিম্নোক্ত কোনটি ব্যাকটেরিয়াজনিত অসুখ নয় ?**

(a) ইনফ্লুয়েঞ্জা

(b) টাইফয়েড

(c) নিউমোনিয়া

(d) ডিপথেরিয়া

**Q78. ডুপ্লিকেট অ্যাপ্লিকেশন ব্যবহার করে ব্যবহারকারীর পাসওয়ার্ড নির্ণয় করাকে কী বলা হয়?**

(a) E-bombing

(b) Bullying

(c) Stalking

(d) Phishing

**Q79. যদি 1+4=9, 2+8=18, 3+6=15, তাহলে 7 + 8-এর মান কত ?**

(a) 32

(b) 41

(c) 30

(d) 23

**Q80. নিম্নোক্ত কোনটি দীর্ঘতম নদী ?**

(a) গোদাবরী

(b) গঙ্গা

(c) ব্রহ্মপুত্র

(d) সিন্ধু

**Q81. নিম্নলিখিত কোন ব্যক্তি ইস্ট ইন্ডিয়া কোম্পানি দ্বারা 'জগৎ শেঠ' নামাঙ্কিত হয়েছিলেন?**

(a) উমিচাঁদ

(b) মানিকচাঁদ

(c) খোজা ওয়াজিদ

(d) ফটিকচাঁদ

**Q82.**

| | | |
|---|---|---|
| 72 | 24 | 6 |
| 96 | 16 | 12 |
| 108 | ? | 18 |

(a) 20

(b) 12

(c) 18

(d) 16

**Q83. সম্প্রতি কোন ভারতীয় অভিনেতা আন্তর্জাতিক ইকনমিক ফোরামে 'ক্রিস্টাল অ্যাওয়ার্ড' লাভ করেছেন?**

(a) অনুষ্কা শর্মা

(b) প্রিয়াঙ্কা চোপড়া

(c) করিনা কাপুর

(d) দীপিকা পাড়ুকোন

**Q84. বার্ষিক চক্রবৃদ্ধি কত হারের সুদে 10,000 টাকা 2 বছরে 12,100 টাকা হবে?**

(a) 11%

(b) 10%

(c) 5%

(d) 20%

**Q85. নীচের শব্দগুলির মধ্যে কোনটি PHOTOSYNTHETIC শব্দটির অক্ষর দ্বারা তৈরি করা সম্ভব নয় ?**

(a) COTTON

(b) THOSE

(c) PRONE

(d) SCENT

**Q86. 4 ঘটিকার বৃষ্টি (4o'clock rain) নিম্নলিখিত কোন স্থানে দেখতে পাওয়া যায় ?**

(a) হোয়াংহো অববাহিকায়

(b) অ্যামাজন ও কঙ্গো অববাহিকায়

(c) ইয়াংসে অববাহিকায়

(d) নীলনদের অববাহিকায়

**Q87. কোন রাজ্যে সাম্প্রতিক সময়ে একটি নির্দিষ্ট দিনকে "দেশনায়ক দিবস' রূপে ঘোষণা করা হয়েছে?**

(a) উড়িষ্যা

(b) বিহার

(c) ঝাড়খণ্ড

(d) পশ্চিমবঙ্গ

**Q88. মোহিনী নীতার থেকে লম্বা কিন্তু সরিতার থেকে বেঁটে নয়, সরিতা এবং মালিনীর উচ্চতা সমান। মোহিনী হেমার থেকে বেঁটে। উচ্চতায় এদের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ কে?**

(a) নির্ণয় করা সম্ভব নয়

(b) মোহিনী

(c) হেমা

(d) নীতা

**Q89.এক ব্যক্তি একটি দ্রব্য 5% লাভে বিক্রয় করলেন। এতে তিনি 5% ক্ষতিতে বিক্রয় করলে যে অর্থ পেতেন, তার থেকে 15 টাকা বেশি পেলেন। দ্রব্যটির ক্রয়মূল্য কত ?**

(a) 125 টাকা

(b) 150 টাকা

(c) 120 টাকা

(d) 105 টাকা

**Q90. ভারতবর্ষের দীর্ঘতম জাতীয় সড়ক কোনটি ?**

(a) NH 44

(b) NH 17

(c) NH 60

(d) NH 10

**Q91. ভারতবর্ষের কোন রাজ্যে বনভূমির শতকরা পরিমাণ সর্বাধিক?**

(a) মধ্যপ্রদেশ

(b) মিজোরাম

(c) নাগাল্যান্ড

(d) মেঘালয়

**Q92. যদি ACID-এর সাংকেতিক লিপি 1C3D, PAMPER-এর P1MP2R হয়, তবে BOMBAY-এর সাংকেতিক লিপি কী হবে ?**

(a) B4MB2Y

(b) B4MB1Y

(c) B5MB2Y

(d) B3MB1Y

**Q93.সম্প্রতি বিশ্বের এক নম্বর খেলোয়াড় দীপিকা কুমারী কোন খেলার সঙ্গে যুক্ত ?**

(a) কুস্তি

(b) তিরন্দাজি

(c) টেবিল টেনিস

(d) কবাডি

**Q94. সঠিক বর্ণমালা দিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো :**

**_a_bca_dabba_bac_c_a**

(a) acbdab

(b) adcdba

(c) acbdba

(d) acdbba

**Q95. এক চা-বিক্রেতা 250 টাকা/কেজি দরের A চা, 150 টাকা/কেজি দরের B চা-এর সঙ্গে 2 : 5 অনুপাতে মেশালেন। এরপর এই মিশ্রিত চা 200 টাকা/কেজি দরে যদি তিনি বিক্রয় করেন, তবে তার লাভের শতকরা হার কত?**

(a) 18%

(b) 12%

(c) 10%

(d) 15%

**Q96. ভারতবর্ষের যে কোনো রাজ্যের সর্বোচ্চ আইন বিষয়ক কর্মকর্তা কে?**


(a) আইন বিভাগের সেক্রেটারি জেনারেল


(b) অ্যাডভোকেট জেনারেল


(c) সলিসিটর জেনারেল


(d) অ্যাটর্নি জেনারেল


**Q97. যদি MN রেখা বরাবর একটি দর্পণ রাখা হয়, তবে নীচের কোন ছবিটি প্রদত্ত ছবির প্রতিবিম্ব ?**




(A)


(B)


(C)


(D)


**Q98. ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার কোন রাজ্যে অবস্থিত ?**

(a) মহারাষ্ট্র

(b) মধ্যপ্রদেশ

(c) তেলেঙ্গানা

(d) উড়িষ্যা

**Q99. প্লাটফর্মে দাঁড়িয়ে এক ব্যক্তি দেখে যে একটি এক্সপ্রেস ট্রেন তাকে 15 সেকেন্ডে অতিক্রম করে। যদি এক্সপ্রেস ট্রেনটির গতিবেগ 60 কিমি/ঘন্টা হয়, তবে ট্রেনটির দৈর্ঘ্য কত ?**

(a) 300 মিটার

(b) 250 মিটার

(c) 150 মিটার

(d) 200 মিটার

**Q100. তমলুকে জাতীয় সরকারের মহাপরিচালক কে ছিলেন?**

(a) বীরেন শাসমল

(b) অজয় মুখার্জী

(c) সতীশ চন্দ্র সামন্ত

(d) সুশীল ধারা


## Solution

**S1.Ans.(c)**

**Sol.** মুড়ির হিন্দালকো কারখানাটি ঝাড়খণ্ড রাজ্যের রাজধানী রাঁচি থেকে 65 কিলোমিটার দূরে সুবর্ণরেখা নদীর তীরে ছোট মুড়ির কাছে অবস্থিত।

**S2.Ans.(d)**

**Sol.**




ওপরের ছবি থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে leaf কে 2 এবং is কে 4 বোঝানো হয়েছে

সুতরাং সঠিক উত্তর 2 এবং 4।

**S3.Ans.(b)**

**Sol.** ধরি আসল 5x টাকা এবং সুদ 2x টাকা,

সময় t বছর

শর্তানুসারে,

$$\frac{5x \times 4 \times t}{100} = 2x$$

$$\Rightarrow t = 10$$

সুতরাং সময় (t) 10 বছর

**S4.Ans.(a)**

**Sol.** UNSECO কর্তৃক 1987 সালে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে ঘোষণা করা হয়।

UNSECO(United Nations Educational, Scientific and Cultural Organization)।

প্রতিষ্ঠা - 16 November 1947

সদর দপ্তর - প্যারিস , ফ্রান্স।

**S5.Ans.(d)**

**Sol.** যে সমস্ত শিল্প বা ইন্ডাস্ট্রি খুব দ্রুত বিকাশ বা বৃদ্ধি ঘটে তাদের সানরাইজ ইন্ডাস্ট্রি বা সূর্যোদয় শিল্প বলা হয়।

উপরের বিকল্প গুলির মধ্যে কম্পিউটার শিল্প বা ইনফরমেশন ইন্ডাস্ট্রি এর বিকাশ দ্রুততর তাই কম্পিউটার শিল্প সানরাইজ ইন্ডাস্ট্রি মধ্যে পড়ে।

**S6.Ans.(a)**

**Sol.** বল্লভভাই প্যাটেল ছিলেন একজন ভারতীয় পণ্ডিত ও জাতীয়তাবাদী নেতা। তিনি সর্দার প্যাটেল নামেই বেশি পরিচিত ছিলেন। তাকে ভারতের লৌহমানব বলা হয়। তিনি স্বাধীন ভারতের প্রথম উপ প্রধানমন্ত্রী।

**S7.Ans.(d)**

**Sol.** গায়ক - সংগীতকার ও হতে পারে এবং ডাক্তারও হতে পারে

সংগীতকার - গায়ক ও হতে পারে এবং ডাক্তার ও হতে পারে।

ডাক্তার - গায়ক ও হতে পারে এবং সংগীতকার ও হতে পারে


অতএব আমাদের সঠিক উত্তরটি হবে (d)

**S8.Ans.(b)**

**Sol.** যদি ব্যারোমিটারের পারদস্তম্ভের দ্রুত হ্রাস হয় তবে ঝড়ের সম্ভাবনা অনুমান করা যায়। ব্যারোমিটার হল বায়ুর চাপ পরিমাপ করার যন্ত্র। ব্যারোমিটার আবিষ্কার করেন বিজ্ঞানী টরেসিলি।

**S9.Ans.(c)**

**Sol.**




**S10.Ans.(d)**

**Sol.** প্রদত্ত

গম: ধান = 2:3

পারিবারিক চাহিদা = 5:4

পণ্যের ব্যয় = পণ্যের ব্যবহার × পণ্যের হার

গমের ব্যয় = 2 x 5 = 10 ধানের ব্যয় = 3 × 4 = 12

অতএব,

ব্যয়ের অনুপাত = গমের ব্যয় : ধানের ব্যয়

ব্যয়ের অনুপাত = 10 : 12 = 5 : 6


গম ও ধানের ব্যয়ের অনুপাত হল 5 : 6

**S11.Ans.(b)**

**Sol.** বংশতালিকা:

G এর পিতা X এর পুত্র।

Y হল X এর ভাই এবং P হল G এর কাকা।




এখানে, 'Y' হল 'P' এর কাকা

সুতরাং, সঠিক উত্তর হল "কাকা"।

**S12.Ans.(a)**

**Sol.** মানবশরীরের মস্তিষ্কে রক্ত জমাট বাঁধে না কারণ RBC-তে অক্সিজেন থাকে। এন্ডোথেলিয়ামের গ্লাইকোক্যালিক্স স্তর জমাট বাঁধা এজেন্ট এবং প্লেটলেটগুলিকে বিতাড়িত করে, জমাট বাঁধা প্রতিরোধ করে।

**S13.Ans.(d)**

**Sol.** প্রদত্ত,

ABCDEFGHIJKLMNOPQRSTUVWXYZ.

1) বর্ণমালার শেষের আগের অক্ষরের বাঁদিকের দশম অক্ষর হল:

ABCDEFGHIJKLMN**O**PQRSTUVWXYZ

2) বর্ণমালার শেষের আগের অক্ষরের বাঁদিকের দশম অক্ষরের ডানদিকে অষ্টম অক্ষর হল:

ABCDEFGHIJKLMNOPQRSTUV**W**XYZ

সুতরাং, সঠিক উত্তর হল "W"

**S14.Ans.(d)**

**Sol.** সিরিয়ার রাজধানী, দামাস্কাস, পৃথিবীর প্রাচীনতম রাজধানী। দামাস্কাস খ্রিস্টপূর্ব তৃতীয় সহস্রাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল, এটি মধ্যপ্রাচ্যের প্রাচীনতম শহরগুলির মধ্যে একটি। প্রত্নতাত্ত্বিকরা খননস্থলের মাধ্যমে দেখাতে সক্ষম হয়েছেন যে এই অঞ্চলটি 8,000 থেকে 10,000 খ্রিস্টপূর্বাব্দের মধ্যে প্রথম জনবহুল ছিল।

**S15.Ans.(d)**

**Sol.** ধরি পুত্রের বর্তমান বয়স x বছর।

অতএব পিতার বর্তমান বয়স হবে 3x বছর।

12 বছর পর পিতার বয়স পুত্রের বয়সে দ্বিগুণ হবে।

শর্তানুসারে,

$2(x+12) = 3x+12$

বা, $2x+24 = 3x+12$

বা, $x = 12$

অতএব পুত্রের বর্তমান বয়স 12 বছর।

**S16.Ans.(b)**

**Sol.** (500+300) = 800 জন সৈনিকের ওই খাদ্য চলবে -

$\frac{24\times500}{800}=15$ দিন।

**S17.Ans.(a)**

**Sol.**

| Letters | C | A | S | T | R | A | P | H | O | N | E |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Position | 3 | 1 | 19 | 20 | 18 | 1 | 16 | 8 | 15 | 14 | 5 |

অগ্রবর্তী জোড়া: ST

পশ্চাৎবর্তী জোড়া: NO, NT, OT, HE, PR

এখানে, জোড়ার সংখ্যা '6'

সুতরাং, সঠিক উত্তর হল "6"

**S18.Ans.(c)**

**Sol.** দুটি অঙ্কের মৌলিক সংখ্যা - 11,13,17,19,23,29,31,37,41,43,47,53,59,61,67,71,73,79,83,89,97

দুটি অঙ্কের মোট 21 টি মৌলিক সংখ্যা রয়েছে।

**S19.Ans.(b)**

**Sol.** ভারতবর্ষের কর্ণাটক রাজ্যে সর্বপ্রথম কফি চাষের প্রচলন হয়।

কর্ণাটক

প্রতিষ্ঠা - 01-11-1996

রাজধানী - বেঙ্গালুরু

বৃহত্তম - শহর বেঙ্গালুরু

জেলা - 31

**S20.Ans.(b)**

**Sol.** পরম শূন্য তাপমাত্রা(Absolute Zero) হচ্ছে এই মহাবিশ্বের সম্ভাব্য সর্বনিম্ন তাপমাত্রা। তাপমাত্রা মাপক যন্ত্রে এর মান হচ্ছে 0 কেলভিন অথবা -273.15 ডিগ্রি সেলসিয়াস বা -460 ডিগ্রি ফারেনহাইট। মহাবিশ্বে এর থেকে কম তাপমাত্রা হওয়া সম্ভব নয়।

**S21.Ans.(b)**

**Sol.** 'ধূমকেতু' কাজি নজরুল ইসলাম ছদ্মনাম ছিল।

লেখক / কবি / ব্যক্তিত্ব - ছদ্মনাম

বিদ্যাসাগর - কস্যচিৎ উপযুক্ত, ভাইপোস্য।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় - কমলাকান্ত,।

সত্যেন্দ্রনাথ দত্ত - নবকুমার, কবিরত্ন, অশীতিপর শর্মা, ত্রিবিক্রম বর্মণ, কলমগীর।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় - অনিলা দেবী, শ্রীকান্ত শর্মা।

শরৎচন্দ্র পণ্ডিত - দাদাঠাকুর।

রবীন্দ্রনাথ ঠাকুর - আন্নাকালী পাকড়াশী, ভানুসিংহ, দিকশূন্য ভট্টাচার্য্য, অপ্রকটচন্দ্র, ভাস্কর।

**S22.Ans.(b)**

**Sol.** ভারতের সর্বোচ্চ বাঁধটির নাম হল তেহেরি বাঁধ এই বাঁধটি ঝাড়খন্ড রাজ্যে ভাগীরথী নদীর উপর অবস্থিত যার উচ্চতা 260.5 মিটার এবং দৈর্ঘ্য 575 মিটার।

**S23.Ans.(d)**

**Sol.** (√20+ √1125-√567) (√500+√245 +9√7)

= (2√5+15√5-9√7) (10√5+7√5+9√7)

= (17√5-9√7) (17√5 +9√7)

= (172 x 5 - 92x7)

= 1445-567

= 878

**S24.Ans.(d)**

**Sol.** নেপচুন একটি 'বামনগ্রহ' নয়।

সৌরজগতে এমন কিছু মহাজাগতিক বস্তু আছে যেগুলোকে গ্রহও বলা যায় না, উপগ্রহও বলা যায় না। গ্রহ নয় কারণ এগুলো কোনো সাধারণ গ্রহ থেকে আকারে ছোট। আবার উপগ্রহও নয় কারণ এগুলো কোনো গ্রহকে কেন্দ্র করে ঘোরে না। এগুলোকেই বলা হয় বামন গ্রহ। এ পর্যন্ত বিজ্ঞানীরা সৌরজগতে মোট পাঁচটি বামন গ্রহের সন্ধান পেয়েছেন। এর মধ্যে প্লুটোর সবচেয়ে পরিচিত। বাকি চারটি হলো: এরিস, সেরেস, মাকেমাকে ও হাউমেয়া।

**S25.Ans.(a)**

**Sol.** দ্বিতীয় সংখ্যা - প্রথম সংখ্যা = 25 - 12 = 13

তৃতীয় সংখ্যা - দ্বিতীয় সংখ্যা = 37 - 25 = 12

চতুর্থ সংখ্যা - তৃতীয় সংখ্যা = 49 - 37 = 12

অতএব পঞ্চম সংখ্যা হবে 59 + 11 = 60

**S26.Ans.(c)**

**Sol.** আসল = 12000 টাকা

সুদ + আসল = 15600 টাকা

অতএব মোট সুদ = ( 15600-12000 ) টাকা।

= 3600 টাকা।

ধরি শ্যাম t বছরের জন্য টাকা ধার নিয়েছিল।

শর্তানুসারে,

$$\frac{12000 \times 6 \times t}{100} = 3600$$

$$\Rightarrow t = 5$$

**S27.Ans.(b)**

**Sol.** কৃষ্ণা নদীর সবচেয়ে গুরুত্বপূর্ণ উপনদী হল তুঙ্গভদ্রা নদী, পশ্চিমঘাট পর্বতমালা থেকে উদ্ভূত তুঙ্গ নদী আর ভদ্রা নদী মিলে এই নদীর সৃষ্টি হয়েছে। অন্য উপনদীগুলির মধ্যে রয়েছে কোয়না নদী, ভীমা, মলপ্রভা, ঘটপ্রভা, ইয়েরলা, ওয়ার্না, ডিন্ডি, মুসী এবং দুধগঙ্গা।

**S28.Ans.(b)**

**Sol.** A সম্পূর্ণ কাজটি করতে সময় নেই 10 দিন।

B সম্পূর্ণ কাজটি করতে সময় নেই 15 দিন

সম্পূর্ণ কাজ = 30 unit ( 10 , 15 ল.সা.গু )

অতএব A এর কর্মদক্ষতা = 3

এবং B এর কর্মদক্ষতা = 4

A , 4 দিনে কাজ করবে 3×4 = 12 unit

B,5 দিনে কাজ করবে 2×5 = 10 unit

A এবং B মোট কাজ করে = (10+12) = 22 unit
বাকি কাজ অর্থাৎ (30-22)unit
= 8 unit কাজ C করতে সময় নেই 8 দিন
অতএব C এর কর্মদক্ষতা 1
এখন A,B এবং C সম্পূর্ণ কাজ করতে সময় নেবে 30 ÷ ( 3+2+1) দিন
= 30÷6 দিন
= 5 দিন

**S29.Ans.(a)**

**Sol.** অগ্ন্যাশয় কে মিশ্রগ্রন্থি বলা হয়।

**মিশ্রগ্রন্থি (Mixed Gland) :-** যে সমস্ত গ্রন্থি অন্তঃক্ষরা এবং বহিঃক্ষরা উভয় গ্রন্থির সমন্বয়ে গঠিত, তাদের মিশ্রগ্রন্থি (Mixed Gland) বলে। যেমন - অগ্নাশয় ,শুক্রাশয় ,ডিম্বাশয়।

**অন্তঃক্ষরা গ্রন্থি :-** যে সমস্ত গ্রন্থির কোনো ক্ষরণনালি থাকে না এবং যাদের নিঃসৃত রাসায়নিক পদার্থ সরাসরি রক্তে ক্ষরিত হয় ও লক্ষ্যকোশে পৌঁছায়, তাদের অন্তঃক্ষরা গ্রন্থি বলে। যেমন - পিটুইটারি গ্রন্থি।

**বহিঃক্ষরা গ্রন্থি :-** যে সমস্ত গ্রন্থি নিঃসৃত রাসায়নিক পদার্থ গ্রন্থির নিজস্ব নালির মাধ্যমে বাহিত হয়ে ক্রিয়াস্থানে পৌছোয়, তাদের বহিঃক্ষরা গ্রন্থি বলে। যেমন - লালা গ্রন্থি, পাকগ্রন্থি , যকৃৎ প্রভৃতি।

**S30.Ans.(d)**

**Sol.** প্রদত্ত,
2 + 27-3 + 2 x 3 ÷ 2
চিহ্ন পরিবর্তন করে পাই
2 x 27 ÷ 3 x 2 + 3 - 2
= 2 x 9 x 2 + 1
= 36 + 1 = 37

**S31.Ans.(d)**

**Sol.** 2020 সালে রসায়ন শাস্ত্রে 'ভাটনাগর পুরস্কার' লাভ করেছেন প্রফেসর জ্যোতির্ময়ী দাস।
শান্তি স্বরূপ ভাটনগর পুরস্কার প্রতি বছর বিজ্ঞান ও প্রযুক্তিতে অসামান্য অবদানের জন্য দেওয়া হয়।
শান্তি স্বরূপ ভাটনগর পুরস্কার 2022 এর তালিকা।
জীব বিজ্ঞান - ডঃ অমিত সিং।
রাসায়নিক বিজ্ঞান - ডঃ কনিষ্ক বিশ্বাস।
পৃথিবী, বায়ুমণ্ডল-মহাসাগর এবং গ্রহ বিজ্ঞান - ডঃ বিনয় কুমার সাইকিয়া।
প্রকৌশল বিজ্ঞান - ডঃ দেবদীপ মুখোপাধ্যায়।
গাণিতিক বিজ্ঞান - ডঃ অনীশ ঘোষ।
চিকিৎসা বিজ্ঞান - ডাঃ জিমন পান্নিয়ামকাল।
ভৌত বিজ্ঞান - ডঃ কনক সাহা।

**S32.Ans.(b)**

**Sol.** প্রাথমিক মিশ্রণে ডেটল ও জলের মিশ্রণে 80% জল।
ডেটল : জল = 20:80 = 1:4
চূড়ান্ত মিশ্রণে জল 75%
ডেটল : জল = 25:75 = 1:3
প্রাথমিক এবং চূড়ান্ত মিশ্রণের অনুপাতগুলি সমান করে পায়,

প্রাথমিক মিশ্রণ ডেটল : জল = 3:12
চূড়ান্ত মিশ্রণে ডেটল : জল = 4:12
অতএব ডেটল পরিবর্তনের 1 অংশ।
মোট প্রাথমিক আয়তন (3+12) = 15 অংশ = 60 লিটার।
1 অংশ = 4 লিটার
সুতরাং ডেটল মিশাতে হবে 1×4 = 4 লিটার।

**S33.Ans.(b)**


**Sol.** Abandon 2. Actuate 3. Accumulate 4. Acquit 5. Achieve
$1^{st}$ - Abandon , $2^{nd}$ - Accumulate , $3^{rd}$ - Achieve , $4^{th}$ - Acquit
$5^{th}$ (Last) - Actuate

**S34.Ans.(b)**

**Sol.** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের প্রথম 'Green Hydrogen' প্লান্টটি মথুরা তৈলশোধনাগার।
Indian Oil Corporation Limited (IOCL)
প্রতিষ্ঠাকাল - 30 জুন 1959
সদরদপ্তর - নতুন দিল্লি।

**S35.Ans.(b)**

**Sol.**




ত্রিভুজ = 1+2+3+4 = 10

**S36.**Ans(b)

**Sol.** ভারতে সঞ্চিত কয়লার 80% দামোদর অববাহিকায় সঞ্চিত আছে।
গন্ডোয়ানা-যুগের কয়লা ভারতের সমস্ত মজুদের 80% এর বেশি, যা দামোদর অববাহিকায় রয়েছে।
কয়লা উৎপাদন এবং মজুদের ক্ষেত্রে ঝাড়খন্ড তালিকার শীর্ষে রয়েছে। ভারতের প্রাথমিক শক্তির উৎস হল কয়লা।

**S37.**Ans(b)

**Sol.** চতুর্থ ভগ্নাংশটি

$$= \frac{\frac{1}{6} \times \frac{1}{9}}{\frac{1}{3}} = \frac{1}{6} \times \frac{1}{9} \times 3 = \frac{1}{18}$$

**S38.Ans.(b)**

**Sol.** গভর্নর জেনারেলের লর্ড কর্নওয়ালিসের আমলে ব্রিটিশ শাসিত ভারতবর্ষের প্রতিটি থানা সাব ইন্সপেক্টরের অধীনে পরিচালিত হওয়া শুরু হয়।
**লর্ড কর্নওয়ালিসের পুলিশ ব্যবস্থা-**

পূর্বে গ্রামাঞ্চলে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব ছিল গ্রামীণ জমিদারদের হাতে। কর্নওয়ালিস এই ব্যবস্থা বাতিল করে দেন এবং একটি সুবিন্যস্ত পুলিশ বাহিনীর উপর আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব দেন। কলকাতায় আইন শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ কমিশনার পদের সৃষ্টি করেন। জেলাগুলিতে কয়েকটি থানা প্রতিষ্ঠা করা হয়। প্রতি থানায় কনস্টেবলসহ দারোগা নিযুক্ত হত। শহরগুলিতে কয়েকটি পুলিশ সুপারিনটেনইডেন্ট পদের সৃষ্টি করে আইনশৃঙ্খলার দায়িত্ব দেওয়া হয়। এদের ব্যয়ভার সরকার বহন করতেন। এজন্য তিনি অনেকগুলি আচরণবিধি তৈরি করেন। এগুলি কর্নওয়ালিস কোড ( Cornwallis Code) নামে পরিচিত হয়।

**S39.Ans.(a)**

**Sol.** প্রশ্নে D পুরুষ না মহিলার , পরিষ্কার করে বলা নেই তাই এটি নির্ণয় করা সম্ভব নয়।

**S40.Ans.(a)**

**Sol.** 'পম্পাস' তৃণভূমি দক্ষিণ আমেরিকা মহাদেশে দেখতে পাওয়া যায়।

তৃণভূমি পৃথিবীর বিভিন্ন জায়গায় বিভিন্ন নামে পরিচিত। মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্য-পশ্চিমে "প্রেইরিস" নামে পরিচিত। দক্ষিণ আমেরিকায় পাম্পাস নামে পরিচিত। আফ্রিকান তৃণভূমি গুলি সাভানা নামে পরিচিত। অন্যদিকে মধ্য ইউরেশিয়ার তৃণভূমিগুলি স্টেপস নামে পরিচিত।

**S41.Ans.(b)**

**Sol.** 27 শে সেপ্টেম্বর থেকে 27 শে অক্টোবর পর্যন্ত মোট দিন সংখ্যা

= (3+27) দিন

= 30 দিন

এখন 30 দিন কে 7 দিয়ে ভাগ করলে 2 টি বিজোড় দিন পাওয়া যায়।

সুতরাং 27 শে সেপ্টেম্বর যদি শনিবার হয় তাহলে 27 শে অক্টোবর হবে শনিবার থেকে দুইদিন পর অর্থাৎ সোমবার।

**S42.Ans.(c)**


**Sol.** মুম্বাই বন্দর ভারতের একটি করমুক্ত বন্দর। ভারতের 13 টি প্রধান বন্দর রয়েছে। মুম্বাই বন্দর দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এটি ভারতের বৃহত্তম বন্দর এবং ভারতের পশ্চিম উপকূলে অবস্থিত।

**S43.Ans.(d)**

**Sol.** সিঙ্গাপুরে, সুভাষচন্দ্র বোস প্রথম স্বাধীন ভারতের অস্থায়ী (Provisional) সরকার গঠন করেন। 21শে অক্টোবর 1943 সালে, সুভাষচন্দ্র বোস সিঙ্গাপুরে স্বাধীন ভারতের অস্থায়ী সরকার গঠনের ঘোষণা দেন। একে আজাদ হিন্দ বলা হত। ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি (INA) ছিল আজাদ হিন্দ সরকারের সেনাবাহিনী।

**S44.Ans.(a)**

**Sol.**




রসিক বর্তমানে তার শুরুর স্থান থেকে 45 মিটার পূর্বে দিকে আছে।

**S45.Ans.(d)**

**Sol.** 'Romancing with life' দেব আনন্দের জীবনী।

দেব আনন্দ, একজন সুপরিচিত বলিউড অভিনেতা। তার পুরো নাম ধরম দেবদত্ত পিশোরিমাল আনন্দ। একাধারে তিনি ছিলেন তুখোড় নায়ক, চলচ্চিত্র নির্মাতা ও চলচ্চিত্র পরিচালক। 1946 সালে 'হাম এক হ্যায়' সিনেমার মাধ্যমে বলিউডের জগতে পা রাখেন দেব আনন্দ।

**S46.Ans.(d)**

**Sol.** সামগ্রিকভাবে তার ক্ষতি হল

$$= +20 - 20 - \frac{20 \times 20}{100}$$

$$= -4\%$$

ঋণাত্মক চিহ্নের অর্থ ক্ষতি হয়েছে।

**S47.Ans.(c)**

**Sol.** ধরি B ব্যবসা করেছে x মাস।

A এবং B এর মূলধনের অনুপাত

2250 × 12 : 2700x

= 10 : x

শর্তানুসারে,

$$\frac{10}{x} = \frac{2}{1}$$

$$\Rightarrow x = 5$$

অতএব, B ব্যবসা করেছে 5 মাস ধরে।

তাহলে B (12-5) = 7 মাস পর ব্যবসায় যোগদান করেছে।

**S48.Ans.(b)**

**Sol.** 12, 15, 20 এবং 25 -এর ল.সা.গু = 2 × 2 × 3 × 5 × 5 = 300

প্রদত্ত বিকল্প থেকে, 300 -এর গুণিতক হল 300 এবং 600

∴ 12, 15, 20 এবং 25 দ্বারা বিভাজ্য সর্বনিম্ন সংখ্যাটি হল 300

**S49.Ans.(a)**

**Sol.** টর, Browser টির সাহায্যে Dark Web access করা যায়।

ডার্ক ওয়েব হল ইন্টারনেটের একটি অংশ যা সার্চ ইঞ্জিনে দৃশ্যমান নয় এবং অ্যাক্সেস করার জন্য টর নামক একটি বেনামী ব্রাউজার ব্যবহার করা প্রয়োজন।

**S50.Ans.(d)**

**Sol.** 9 দিনে 10000 টি বাল তৈরি করতে মোট লোক প্রয়োজন

$$= \frac{45 \times 12 \times 10000}{9 \times 10000}$$

$$= 60$$

অতএব অতিরিক্ত লোক লাগাতে হবে (60-45) = 15 জন।

**S51.Ans.(b)**

**Sol.** 'Fire Ice' এর রাসায়নিক নাম মিথেন ক্ল্যাথ্রেট, এটি মিথেন হাইড্রেট নামেও পরিচিত। মিথেন হাইড্রেট সাদা বরফের মতো কঠিন পদার্থ। উচ্চ চাপ এবং নিম্ন তাপমাত্রায় মিথেন গ্যাস পানির সংস্পর্শে এলে মিথেন হাইড্রেট তৈরি হয়। মিথেন হাইড্রেট প্রাকৃতিক গ্যাস পরিবহন এবং সঞ্চয় করার জন্য ব্যবহৃত হয়।

**S52.Ans.(a)**

**Sol.**

6 বছরে 2½ গুণ হয়

$= \frac{5}{2}$

12 বছরে হবে

$\frac{5}{2} \times \frac{5}{2} = \frac{25}{4}$ গুণ

18 বছরে হবে

$\frac{25}{4} \times \frac{5}{2} = \frac{125}{8}$

**S53.Ans.(b)**

**Sol.**

সিরাজ-উদ-দৌলা কলকাতার নাম পরিবর্তন করে আলীনগর রাখেন। রবার্ট ক্লাইভ এবং সিরাজ-উদ-দৌলা 1757 সালের 9ই ফেব্রুয়ারি আলীনগর চুক্তিতে স্বাক্ষর করেন। যুদ্ধে নবাব কলকাতার স্বল্পকালীন নাম দেন আলীনগর।


**S54.Ans.(b)**

**Sol.** সাম্প্রতিক কালে ফোনে আড়িপাতার জন্য 'পেগাসাস' নামক সফট্ওয়্যার ব্যবহারের যে অভিযোগ উঠেছে, সেটি ইজরায়েল দেশে প্রস্তুত হয়েছে।

**S55.Ans.(b)**

**Sol.** A, B, C, D, E, F নামের ছয় বন্ধু একটি বেঞ্চে বসে আছে।

1) C, A-র ঠিক বাঁদিকে বসে আছে, এবং A এবং B সবচেয়ে দূরের কোণে বসে আছে।




2) E এবং F মাঝখানে বসে আছে।




এখানে, 'B'-এর ঠিক ডানদিকে 'D' বসে আছে।

সুতরাং, সঠিক উত্তর হল "D"

**S56.Ans.(a)**

**Sol.** মৌলিক অধিকার, রাষ্ট্রীয় নীতির নির্দেশমূলক নীতি, এবং মৌলিক কর্তব্য সবই ভারতীয় সংবিধানের আওতায় রয়েছে। "কল্যাণমূলক রাষ্ট্র" হিসাবে পরিচিত সরকারের একটি রূপ যেখানে সরকার সক্রিয়ভাবে তার জনগণের অর্থনৈতিক ও সামাজিক কল্যাণকে রক্ষা করে এবং অগ্রসর করে।

**S57.Ans.(b)**

**Sol.** প্রদত্ত:

'M' সংখ্যক লোক 'R টাকা' -এ একটি দ্রব্য কিনতে রাজি হয়েছে

4 জন লোক ক্রয় করা থেকে সরে যায়।

গণনা:

প্রত্যেক ব্যক্তির অবদান $= \frac{R}{M}$

সরে যাওয়া 4 জন লোকের অবদান

$= \frac{R}{M-4}$

এখন,

নির্ণেয় অবদান $= \frac{R}{M-4} - \frac{R}{M}$

$\Rightarrow \frac{RM - RM + 4R}{M(M-4)}$

$\frac{4R}{M^2 - 4M}$

**S58.Ans.(b)**

**Sol.** ত্রিপিটক বৌদ্ধ ধর্মের পবিত্রতম গ্রন্থের নাম৷ এটি পালি ভাষায় লেখা৷

**S59.Ans.(c)**

**Sol.** বিধান পরিষদের সদস্যদের মেয়াদকাল 6 বছর। ভারতীয় সংবিধানের 169 ধারাতে তার প্রাতিষ্ঠানিক কাঠামো বর্ণনা করে৷

**S60.Ans.(a)**

**Sol.** NUCLEAR জলীয় প্রতিবিম্ব



**S61.Ans.(d)**

**Sol.** প্রদত্ত:

হলের দৈর্ঘ্য হলের প্রস্থের চেয়ে 5 মিটার বেশি৷

ব্যাখ্যা:

ধরা যাক, প্রস্থ x

দৈর্ঘ্য হবে x + 5

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য x প্রস্থ

$84 = (x+5) \times x$

$x^2 + 5x - 84 = 0$

$x = -12$ অথবা $x = 7$

যেকোন বস্তুর দৈর্ঘ্য হবে ধনাত্মক পূর্ণসংখ্যাতে অতএব, $x = 7$

যদি প্রস্থ 7 হয়, তাহলে দৈর্ঘ্য 12 হবে৷

$\therefore$ হলটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 12 মিটার এবং 7 মিটার৷

**S62.Ans.(d)**

**Sol.** প্রথম 'পদ্মবিভূষণ' পুরস্কারের প্রাপক সত্যেন্দ্রনাথ বসু। 1954 সালে পদ্মবিভূষণ উপাধিতে ভূষিত হন৷

**S63.Ans.(d)**

**Sol.** তিনটি সংখ্যার গড় 80 হলে তিনটি সংখ্যার সমষ্টি হবে = 80×3 = 240

ধরি তৃতীয় সংখ্যার = x

দ্বিতীয় সংখ্যা হবে = 3x-10

প্রথম সংখ্যা হবে = 2(3x-10) +10

= 6x-20+10

= 6x-10

শর্তানুসারে,

6x - 10 + 3x - 10 + x = 240

বা, 10x = 240+20

বা, x = 26

অতএব সবচেয়ে ছোট সংখ্যাটি হবে 26

**S64.Ans.(c)**

**Sol.** ভারতীয় টেবিল টেনিস খেলোয়াড় মৌমা দাস। কমনওয়েলথ গেমসে, মৌমা দাস 2018 সালে মহিলা দলের প্রতিযোগিতায় একটি স্বর্ণ পদক জিতেছিলেন। তিনি 2013 সালে অর্জুন পুরস্কার পান।

**S65.Ans.(b)**

**Sol.** ধরি আসল = P টাকা এবং বার্ষিক সুদের হার = r%

শর্তানুসারে,

$$\frac{P\times 3\times(r+1)}{100}-\frac{P\times 3\times r}{100}=5100$$

$$\Rightarrow \frac{3P}{100}(r+1-r)=5100$$

$$\Rightarrow \frac{3P}{100}=5100$$

$$\Rightarrow P=170000$$

∴ আসল = 170000 টাকা

**S66.Ans.(b)**

**Sol.** 12 তম INDRA 2021 হল যৌথ ভারত-রাশিয়ান সামরিক মহড়ার 2021 সালের 1 লা আগস্ট থেকে 13 ই আগস্ট পর্যন্ত রাশিয়ার ভলগোগ্রাদে অনুষ্ঠিত হয়েছে।

**S67.Ans.(c)**

**Sol.** 'মুদ্রারাক্ষস' নাটকটির রচয়িতা হলেন বিশাখদত্ত।

**S68.Ans.(b)**


**Sol.** 59321**742**69**746**1328**741**383256743958201 8**746**3

⟶ সঠিক উত্তর চার

**S69.Ans.(a)**

**Sol.** প্রথম এবং তৃতীয় পাশায়, 1 এবং 4 সাধারণ।

প্রথম পাশা ঘড়ির কাঁটার বিপরীত দিকে 90° ঘোরানো হয়, তবে আমরা তৃতীয় পাশা পাই।



2 এর বিপরীত দিক হল 6

∴ এখানে, যদি 2 সংখ্যাটি তলায় থাকে, তবে '6 সংখ্যা' একটি পাশার উপরে থাকবে।

সুতরাং, সঠিক উত্তর হল "6"

**S70.Ans.(b)**

**Sol.** অ্যামাইটোসিস হল জীবদেহের এক ধরনের কোষ বিভাজন প্রক্রিয়া, যা প্রধানত নিম্ন শ্রেনির জীবে (যেমন- এক কোষী প্রাণী - ব্যাক্টেরিয়া, ইস্ট, অ্যামিবা ইত্যাদি) দেখা যায়। একে প্রত্যক্ষ কোষ বিভাজনও বলা হয়।

**S71.Ans.(b)**

**Sol.** ট্রেনের গতিবেগ বৃদ্ধি করতে হবে

$$\frac{20}{(100-20)}\times 100$$

$$=\frac{20}{80}\times 100$$

$$=25\%$$

**S72.Ans.(d)**

**Sol.** পি.ভি. সিন্ধু একজন ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় । তিনি 2020 টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ পদক এবং 2016 রিও অলিম্পিকে রৌপ্য পদক জিতেছেন। তিনি অর্জুন পুরস্কার ( 2013 ), মেজর ধ্যান চাঁদ খেল রত্ন (2016), পদ্মশ্রী (2015), এবং পদ্মভূষণ (2020) পেয়েছেন।

**S73.Ans.(b)**

**Sol.** গ.সা.গু. -32

ল.সা.গু.-1760

ল.সা.গু. সর্বদা গ.সা.গু. দ্বারা বিভাজ্য

= 1760 ÷ 32

= 55

কো-ফ্যাক্টর হল 11 এবং 5

তাহলে, গ.সা.গু. দিয়ে প্রতিটি কো-ফ্যাক্টর গুণ করে পাই।

11 × 32 = 352

5 × 32 = 160

ছোট সংখ্যাটি হল 160

**S74.Ans.(a)**

**Sol.** তামিলনাড়ুর তিরুপুর শহরে নির্মাণ শ্রমিকরা অন্তত 300 বছর পুরানো একটি সতী পাথর আবিষ্কার করেছেন। পাথরটি ভূপৃষ্ঠের ঠিক এক মিটার নীচে আবিষ্কৃত হয়েছিল। পাথরটি 45 সেমি চওড়া এবং 75 সেমি উঁচু। যা পুরনো দিনের সতীদাহ প্রথার সাথে সাদৃশ্যপূর্ণ।

**S75.Ans.(b)**

**Sol.** Torr, চাপ ( Pressure) এর একক।

**S76.Ans.(b)**

**Sol.** $\frac{2}{5}$ অংশ =

$$\frac{45\times10\times2}{3\times5}=60$$

$\frac{2}{5}$ অংশ $=60$ কিমি।

**S77.Ans.(a)**

**Sol.** ইনফ্লুয়েঞ্জা ভাইরাস দ্বারা সৃষ্টি একটি শ্বাসযন্ত্রের রোগ।

**S78.Ans.(c)**

**Sol.** ডুপ্লিকেট অ্যাপ্লিকেশন ব্যবহার করে ব্যবহারকারীর পাসওয়ার্ড নির্ণয় করাকে Stalking বলা হয়।

**S79.Ans.(d)**

**Sol.**

$1+4=9 \rightarrow 1+4+4=9$

$2+8=18 \rightarrow 2+8+8=18$

$3+6=15 \rightarrow 3+6+6=15$

$7+8=? \rightarrow 7+8+8=23$

**S80.Ans.(d)**

**Sol.** গোদাবরী নদীর দৈর্ঘ্য হল 1465 কিমি।

গঙ্গার নদীর দৈর্ঘ্য 2704 কিমি।

ব্রহ্মপুত্র নদীর দৈর্ঘ্য 2850 কিলোমিটার।

সিন্ধু নদীর দৈর্ঘ্য 3200 কিলোমিটার।

**S81.Ans.(b)**

**Sol.** মানিকচাঁদ ইস্ট ইন্ডিয়া কোম্পানি দ্বারা 'জগৎ শেঠ' নামাঙ্কিত হয়েছিলেন।

**S82.Ans.(b)**

**Sol.** $72\div6=12,\ \ 12\times2=24$

$96\div12=8,\ \ 8\times2=16$

$108\div18=6,\ \ 6\times2=12$

**S83.Ans.(d)**

**Sol.** সম্প্রতি ভারতীয় অভিনেতা দীপিকা পাড়ুকোন আন্তর্জাতিক ইকনমিক ফোরামে 'ক্রিস্টাল অ্যাওয়ার্ড' লাভ করেছেন। সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের 50 তম বার্ষিক বৈঠকে সুপরিচিত বলিউড তারকা দীপিকা পাড়ুকোন ক্রিস্টাল অ্যাওয়ার্ড লাভ করেছেন। মানসিক স্বাস্থ্যের মূল্য সম্পর্কে সচেতনতা বাড়াতে তার কাজের প্রশংসায় তিনি এই সম্মান পেয়েছেন।

**S84.Ans.(b)**

**Sol.** ধরি বার্ষিক সুদের হারে = r%

শর্তানুসারে,

$$10000(1+\frac{r}{100})^2=12100$$

$$\Rightarrow r=10\%$$

**S85.Ans.(c)**

**Sol.** 'PRONE' শব্দটি "PHOTOSYNTHETIC" শব্দ থেকে তৈরি করা যায় না, কারণ প্রদত্ত 'PRONE' শব্দে 'R' অক্ষর ব্যবহার করা হয়েছে।

**S86.Ans.(b)**

**Sol.** অ্যামাজন ও কঙ্গো অববাহিকায় 4 ঘটিকার বৃষ্টি (4o'clock rain) দেখতে পাওয়া যায়।

**S87.Ans.(d)**

**Sol.** পশ্চিমবঙ্গ, নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকী স্মরণে 23 শে জানুয়ারী "দেশ নায়ক দিবস" হিসাবে উদযাপন করার সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় সরকার নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মদিনকে "পরাক্রম দিবস" হিসাবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে।

**S88.Ans.(b)**

**Sol.** মোহিনী নীতার চেয়ে লম্বা, কিন্তু সরিতার চেয়ে বেঁটে নয়।

1) Mohini > Nita > Sarita

2) 2) সরিতা এবং মালিনী একই উচ্চতার, এবং মোহিনী হেমার থেকে বেঁটে।

3) Hema > Mohini > Nita > Sarita = Malini

4) এখানে, 'মোহিনী' তাদের মধ্যে দ্বিতীয় উচ্চতম।

5) সুতরাং, সঠিক উত্তর হল "মোহিনী"।

**S89.Ans.(b)**

**Sol.** ধরি, ক্রয়মূল্য = x টাকা।

শর্তানুসারে,

$$\frac{105x}{100} - \frac{95x}{100} = 15$$

$$\Rightarrow \frac{10x}{100} = 15$$

$$\Rightarrow x = 150$$

দ্রব্যটির ক্রয়মূল্য 150 টাকা।

**S90.Ans.(a)**


**Sol.** NH-44 হল ভারতের দীর্ঘতম জাতীয় মহাসড়ক যার দৈর্ঘ্য উত্তরে শ্রীনগর থেকে দক্ষিণে কন্যাকুমারী পর্যন্ত 3745 কিলোমিটার। এই হাইওয়ে 11টি রাজ্য এবং প্রায় 30টি গুরুত্বপূর্ণ শহরকে সংযুক্ত করেছে।

**S91.Ans.(b)**

**Sol.** ভারতবর্ষের মিজোরাম রাজ্যে বনভূমির শতকরা পরিমাণ সর্বাধিক। শীর্ষ পাঁচটি রাজ্য হল মিজোরাম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, মণিপুর এবং নাগাল্যান্ড।

**S92.Ans.(b)**

**Sol.** Vowel order value :





এখানে অনুসরণ করা যুক্তি হল:

বর্ণানুক্রমিক অবস্থানগত মান অনুযায়ী ব্যঞ্জনবর্ণ একই অক্ষর হিসাবে উপস্থাপিত হয়।


একটি প্রদত্ত শব্দে স্বরবর্ণগুলিকে স্বরবর্ণের ক্রম অনুসারে উপস্থাপন করা হয়।

ACID কে 1C3D হিসাবে লেখা হয়।





এবং

PAMPER কে P1MP2R হিসাবে লেখা হয়।




একইভাবে,

BOMBAY এভাবে লেখা হবে:




সুতরাং, সঠিক উত্তর হল "B4MB1Y"

**S93.Ans.(b)**

**Sol.** দীপিকা কুমারী হলেন একজন ভারতীয় মহিলা তীরন্দাজ। তিনি বর্তমানে বিশ্ব 5ম স্থানে রয়েছেন এবং তিনি প্রাক্তন 1 নম্বর তীরন্দাজ ছিলেন। 2010 কমনওয়েলথ গেমসে তিনি মহিলাদের ব্যক্তিগত ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন। এছাড়া তিনি দোলা ব্যানার্জি ও বোম্বায়লা দেবীকে সাথে নিয়ে মহিলাদের দলগত ইভেন্টেও স্বর্ণপদক জিতেছিলেন।

**S94.Ans.(d)**

**Sol.** _a_bca_dab/ba_bac_c_a

**a**a**c**bca**b**dabba**d**bac**b**c**a**a

= acbdba

**S95.Ans.(b)**

**Sol.** প্রদত্ত:

A, চা = 250 টাকা প্রতি কেজি

B, চা = 150 টাকা প্রতি কেজি

অনুপাত = 2 : 5

বিক্রয় মূল্য = 200 টাকা প্রতি কেজি

গণনা:

ক্রয়মূল্য = ( 250 x 2 ) + ( 150 × 5 ) = 500+700 = 1250 টাকা

বিক্রয়মূল্য = 200 × (2 + 5) = 200 × 7 = 1400 টাকা

লাভ = 1400 – 1250 = 150 টাকা

এখন,

শতকরা লাভ

$$\frac{150}{1250} \times 100$$

লাভ = 12%


∴ চা বিক্রেতার লাভের শতাংশ হল 12%

**S96.Ans.(b)**

**Sol.** রাজ্যের সর্বোচ্চ আইনী কর্মকর্তা হলেন রাজ্যের অ্যাডভোকেট জেনারেল। ভারতীয় সংবিধানের 165 ধারার দ্বারা প্রতিষ্ঠিত। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল রাজ্যের গভর্নর দ্বারা নিযুক্ত হন।

**S97.Ans.(a)**

**Sol.**




**S98.Ans.(a)**

**Sol.** ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার (BARC) - হচ্ছে ভারতের একটি প্রথম সারির পারমাণবিক গবেষণা কেন্দ্র যার সদর দফতর ট্রমবে, মহারাষ্ট্রতে অবস্থিত।
গঠিত - 3 জানুয়ারি 1954।
প্রতিষ্ঠাতা - হোমি জে . ভাভা।

**S99.Ans.(b)**

**Sol.** ট্রেনটির দৈর্ঘ্য

$= \frac{60 \times 1000}{60 \times 60} \times 15$

$= 250$

ট্রেনটির দৈর্ঘ্য 250 মিটার।

**S100.Ans.(c)**

**Sol.** তমলুকে জাতীয় সরকারের মহাপরিচালক ছিলেন সতীশ চন্দ্র সামন্ত।